

বিনা খরচে সফল হওয়ার উপায় ৮ উপায় শিখে নিন

## ১. মেডিটেশন

এটা করতে পয়সা খরচ হয় না। রেডিও, টেলিভিশন বা বই থেকেও সহজে মেডিটেশনের পদ্ধতি আয়ত্ত করতে পারেন। এক গবেষণা প্রতিবেদনে বলা হয়, জীবনে সর্বোচ্চ সফলতার দেখা পেতে অন্যতম প্রভাবক হয়ে ওঠে মেডিটেশন।

## ২. সকাল সকাল ওঠা

প্রেসিডেন্ট বারাক ওবামা, রিচার্ড ব্রানসন থেকে শুরু করে সফল ব্যক্তিত্বের পথিকৃৎদের সকাল সকাল ঘুম থেকে ওঠার অভ্যাস দেখা যায়। ব্যায়াম, ব্যক্তিগত কাজ এবং পেশাগত দায়িত্ব পালনের রসদ সকালেই মেলে।

## ৩. পরিচিত মহল বাড়ানো

এ কাজেও অর্থ গুনতে হয় না। সম্পূর্ণ ফ্রিতে অসংখ্য মানুষের সঙ্গে পরিচিত হতে পারেন।

## ৪. ব্যস্ত থাকা

সফলকামীরা সব সময় নিজেদের ব্যস্ত রাখার চেষ্টা করেন। এ ধরনের মানুষরা মোটেও অলস হতে পারেন না। তবে তাঁরা কিন্তু স্বাস্থ্য সচেতন হয়ে শ্রম চালেন।

## ৫. পড়া

অজানা বিষয় সম্পর্কে জানার আগ্রহ তাঁদের অদম্য। তাই পড়তে হবে প্রচুর।

## ৬. রাতেই দিনের কাজের প্রস্তুতি

পরের দিনের কাজের তালিকা সফল মানুষরা আগের দিন রাতেই তৈরি করে ফেলেন। এতে কর্মতালিকা গোছালো থাকে।

## ৭. লক্ষ্য নির্ধারণ

যেকোনো গন্তব্যে এগোতে লক্ষ্য-উদ্দেশ্য স্পষ্ট করতে হয়। এ ক্ষেত্রে যাঁরা সফল হতে বদ্ধপরিকর, তাঁরা কেবল প্রাসঙ্গিক লক্ষ্য নির্ধারণ করেই ক্ষান্ত হন না। তাঁরা শেষ দৃশ্য বর্তমানেই দেখার চেষ্টা করেন।

## ৮. সুষ্ঠু অর্থ ব্যবস্থাপনা

অর্থ সবার কাছেই ধরা দেয়। কিন্তু সফল মানুষরা ব্যক্তিগত ও পেশাগত অর্থ ব্যবস্থাপনায় হিসাবি থাকেন। নতুন খাতে বিনিয়োগ, সুযোগ বা ঝুঁকি সবই সুবিবেচনায় থাকে। আবার জরুরি ফান্ডও প্রস্তুত রাখেন ভবিষ্যতের কথা ভেবে।

